

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১৭৯১


তারিখঃ ২৭ পৌষ ১৪২৩
১০ জানুয়ারি ২০১৭

বিষয় : দপ্তরী-কাম-প্রহরী পদে নিয়োগ সংক্রান্ত নীতিমালার বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-
৩৪৫৮/২০১৫ মামলার রায়ের আলোকে সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৪৫৮/২০১৫ মামলায় গত ০৭/০৯/২০১৬ তারিখে Rule Absolute মর্মে রায় প্রদান করেন। উক্ত রায়ের সার্টিফাইড কপির ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, রিটি পিটিশন নং-৩৪৫৮/২০১৫ এর বিষয়ে আদালতের নির্দেশনা মোতাবেক এবং সরকার কর্তৃক আদালতের আদেশের বিষয়ে আপীল দায়ের না করার সিদ্ধান্তের প্রেক্ষিতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী-কাম-প্রহরী পদে আউট সোসিং এর মাধ্যমে জনবল নিয়োগের উদ্দেশ্যে এ মন্ত্রণালয়ের ২৬ জানুয়ারি ২০১৫ এর ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০(অংশ-১)-১১৫ নং স্মারকমূলে জারীকৃত সংশোধিত নীতিমালার ৭(২) সংশোধিত অনুচ্ছেদ বাতিলপূর্বক দপ্তরী-কাম-প্রহরী পদে পূর্ববর্তী বিধিবিধান অনুসরণ করে নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামোতাবেক।


২০/০১/১৭
(নাসরিন জাহান)
উপসচিব
ফোন : ৯৫১৪০৯১

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।